জালালুদ্দীন সুয়ূত্বী (রহ.) বলেন, 'আবদু ইব্ন হামীদ , ইব্ন জারীর, ইবনুল মুনযির , ইব্ন আবূ হাতিম এবং ইব্ন মারদুভীয়্যাহ (রা.) শিমরি ইবন' আত্বীয়্যাহ (রা.) থেকে হাদীস বর্ণনা করেছেন' শিমরি ইব্ন 'আত্বীয়্যাহ (রা.) বলেন, হযরত 'আবদুল-াহ ইব্ন 'আব্বাস (রা.) হযরত কা'ব আল-আহবার (রা.)-এর নিকট আসলেন অত:পর বললেন আমাকে আল-াহ তা'আলার বাণী الله نور السموت الخ সম্পর্কে বর্ণনা কর ন। তিনি বলেন উক্ত আয়াত হলো নুরী মুহাম্মদ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর উদাহরণ-আল-াহ তা'আলার বাণী ' كمشكاة ' (দীপাধারের মত) দ্বারা রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর মুখ মুবারক উদ্দেশ্য। তাঁর বাণী فيها مصباح (এতে প্রদীপ রয়েছে) দ্বারা রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর পবিত্র ক্বলব তথা অন্ড়করণ মুবারক উদ্দেশ্য। তাঁর বাণী فى زجاجة (কাঁচের পাত্র) দ্বারা নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর পবিত্র বক্ষ মুবারক উদ্দেশ্য । তাঁর বাণী : كانها كوكب درى (ঐ ফানুস যেন একটি নক্ষত্র, মুক্তার মতো উজ্জ্বল হয়) দ্বারা নবী করীম রাউফুর রাহীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর পবিত্র বক্ষ মুবারক থেকে মুক্তার ন্যায় চর্তুদিকে যে জ্যোতি বিকিরণ হতো তা উদ্দেশ্য। তাঁর বাণী : المصباح (প্রদীপ) দ্বারা নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসল-াম-এর ক্বলব তথা অন্ড়করণ মুবারক উদ্দেশ্য। তাঁর বাণী : توقد من شجرة مباركة زيتونة (বরকতময় বৃক্ষ যায়তুনের তৈল দ্বারা প্রজ্জ্বলিত হয়ে উঠবে) বরকতময় বৃক্ষের তৈল দ্বারা প্রজ্জ্বলন করেছে। (يكاد زيتها يضئ) (এর নিকটর্বতী যে, সেটার তৈল প্রজ্জ্বলিত হয়ে উঠবে) নবী করীম সাল-াল-াহু 'আলাইহি

ওয়াসাল-াম পবিত্র মুখ মুবারকে না বললেও মানুষের নিকট স্পষ্ট হয়ে গেছে যে, তিনি নবী, যেরূপ তৈল প্রজ্জ্বলনের মাধ্যমে আলোকিত হয়।

জালালুদ্দীন সুয়ূতী (রহ.)-এর অপর একটি ভাষ্য-[১৩১]

وأخرج ابن مردوية, عن ابن عباس : (الله نور السموت والارض) قال : الله هادى أهل السماوات و الارض , (مثل نوره) يا محمد فى قلبك كمثل هذا المشكاة , فكما هذا المصباح فى هذا المشكاة كذالك فؤادك فى قلبك , و شبّه قلب رسول الله عليه و سلم بالكوكب الدرِّى الذى لا يخبو, (توقد من شجرة مباركة زيتونة) : تأخذ دينك عن ابراهيم عليه السلام, وهى الزيتونة (لا شرقية و لاغربية) : ليس نصرانى فيصلى نحو المشرق, ولا يهودى فيصلى نحو المغرب, (يكاد زيتها يضئ) , يقول: يكاد محمد صلى الله عليه و سلم ينطق بالحكمة قبل ان يوحى اليه بالنور الذى جعل الله فى قلبه (نور على نور) قال : اتى نور الله على نور محمد

ইব্ন মারদুভীয়্যাহ (রা.) হযরত ইব্ন'আব্বাস (রা.) হতে উক্ত আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেন -

(الله نور السموت والارض) আল-াহ তা'আলা নভোমন্ডল ও ভূমন্ডলের আলো। ইব্ন'আব্বাস বলেন- আল-াহ তা'আলা দুনিয়াবাসী ও আসমানের বাসিন্দাদের পথ প্রদর্শক। (مثل نوره) তাঁর নূরের উদাহরণ : ওহে মুহাম্মদ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম আপনার পবিত্র ক্বলব তথা অন্ড়করণের মধ্যে এ দীপাধারের বাতির ন্যায়, যেরূপ এ প্রদীপ এ দীপাধারে প্রজ্জ্বলিত। অনুরূপ আপনার অন্ড়র আপনার পবিত্র ক্বলব মুবারকে দেদিপ্যমান এবং রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর ক্বলব মুবারককে এমন এক উজ্জ্বল মুক্তার ন্যায় নক্ষত্রের সাথে তুলনা দিয়েছেন যা নিঃশেষ হবে না। অর্থাৎ যার শিখা নিভে যায় না।

(توقد من شجرة مباركة زيتونة) আপনি ওহে রাসূল সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম হযরত ইবরাহীম (আ.) থেকে দ্বীন গ্রহণ করেছেন। আর এটাই বরকতময় যায়তুন তৈল। (لا شرقية و لاغربية) তিনি {ইবরাহীম (আ.)} খৃষ্টান ছিলেন না যে, পূর্বমুখী হয়ে সালাত আদায়

---

[১৩১]. জালালুদ্দীন সুয়ূত্বী (রহ.): আদ-দুররুল মনসূর (প্রাগুক্ত) খ. ১১, পৃ. ৬৪-৬৫।

করবেন। না ইয়াহুদী ছিলেন, পশ্চিম মুখী হয়ে সালাত আদায় করবেন। (يكاد زيتها يضئ) আল-াহ তা'আলা নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর ক্বলব মুবারকে যে 'নূর' দিয়েছেন তার মাধ্যমে ওহি প্রকাশিত হওয়ার পূর্বেও তিনি অনেক প্রজ্ঞাময় হিকমতপূর্ণ কথা বলতেন। (نور على نور) হযরত মুহাম্মদ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর নূরের (জ্যোতির) উপর আল-াহ তা'আলার নূর এসেছে।

সৈয়্যদ মুহাম্মদ ন'ঈম উদ্দীন মুরাদাবাদী (রহ.) খাযাইনুল 'ইরফান তাফসীর গ্রন্থে বিখ্যাত মুফাসসির খাযিন (রহ.)-এর সূত্রে এ আয়াত সম্পর্কে কয়েকটি অভিমত উপস্থাপন করেছেন।[১৩২]

এক : 'আলো ' দ্বারা হিদায়ত বুঝানো হয়েছে এবং অর্থ দাড়ায় আল-াহ তা'আলার হিদায়ত অত্যন্ড় স্পষ্ট। অর্থাৎ" অনুভূতির জগতের ' মধ্যে এর উপামা এমন দীপাধারের সাথে দেয়া যেতে পারে যার মধ্যে খুবই স্বচ্ছ ও পরিস্কার ফানুস থাকবে , সে ফানুসের মধ্যে এমন প্রদীপ থাকবে , যা অতীব উত্তম ও স্বচ্ছ যায়তুন তৈল দ্বারা প্রজ্জ্বলিত হয় যে , সেটার আলোক অতিমাত্রায় উন্নত ও পরিস্কার হয়।

দুই : এ উপামা নবীকুল সরদার মুহাম্মদ মুসত্বাফা সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর নূরেরই। হযরত ইব্ন 'আব্বাস (রা.) হযরত কা'ব আল-আহবারকে (রা.) বললেন , এ আয়াতের অর্থ বর্ণনা করো তিনি বললেন, এতে আল-াহ তা'আলার আপন নবী সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর উপামা দিয়েছেন-দীপাধার তো নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম এর বক্ষ মুবারক। আর 'ফানুস' হচ্ছে 'হৃদয় মুবারক ' এবং 'প্রদীপ ' হচ্ছে 'নবুয়্যত ' যা নবুয়্যতের বৃক্ষ দ্বারা আলোকিত। আর ঐ 'নূরে মুহাম্মদীর আলোক ও চমক ' এমন পূর্ণ প্রকাশিত স্ড়রে রয়েছে যে , তিনি যদি নিজে নবী হবার কথা বর্ণনা নাও করতেন তবুও সৃষ্টির নিকট তা প্রকাশ পেয়ে যেতো।

---

[১৩২]. কানযুল ঈমান ও খাযাইনুল ইরফান (বঙ্গানুবাদ : আলহাজ্ব মাওলানা মুহাম্মদ আবদুল মান্নান) সূরা নূর আয়াত নং ৩৫ পৃ. ৬৪৫-৬৪৬।

তিন : হযরত ইব্ন 'উমর (রা.) থেকে বর্ণিত, 'দীপাধার' তো বিশ্বকুল সরদার সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর বক্ষ মুবারক' আর 'ফানুস হচ্ছে 'পবিত্র হৃদয়' এবং 'প্রদীপ' হচ্ছে ্ঐ আলো' যা আল-াহ তা'আলা তাতে স্থাপন করেছেন। যা না প্রাচ্যের' না প্রতীচ্যের 'না ইহুদী, না খৃষ্টান, একটা বরকতময় 'বৃক্ষ' থেকে আলোকিত ঐ 'বৃক্ষ' হচ্ছে হযরত ইবরাহীম (আ.)। ইবরাহীম (আ.)-এর হৃদয়ের আলোকের উপর 'নূরে মুহাম্মদী সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম। "আলোর উপর আলোই।"

চার : মুহাম্মদ ইব্ন কা'ব কারাদী (রহ.) বলেছেন- "দীপাধার ও 'ফানুস' তো হযরত ইসমা'ঈল (আ.)। আর 'প্রদীপ' দ্বারা বুঝায় বিশ্বকুল সরদার হযরত মুহাম্মদ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-ামকে, 'বরকতময় বৃক্ষ' হচ্ছে হযরত ইবরাহীম (আ.), যেহেতু অধিকাংশ নবী রাসূল তাঁর বংশ থেকে আবির্ভূত হন। আর প্রাচ্য ও প্রতীচ্যের না হওয়ার অর্থ হচ্ছে এ যে , হযরত ইবরাহীম (আ.) না ইহুদী ছিলেন ,না খৃষ্টান। কেননা ইহুদীরা পশ্চিম দিকে নামায পড়ে। আর খৃষ্টান পূর্ব দিকে ফিরে। এটা খুবই সন্নিকটে যে , হযরত মুহাম্মদ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর সৌন্দর্য ও পরিপূর্ণতার গুণাবলী ওহী অবতীর্ণ হবার পূর্বেই সৃষ্টির নিকট প্রকাশ পেয়ে যাবে। 'আলোর উপর আলো ' এভাবে যে, নবীর বংশের নবী, 'নূরে মুহাম্মদী নূরে ইবরাহীমের উপর' 'আলাইহিমাস সালাতু ওয়াস সালাম।

'নূর' সম্পর্কিত ৩য় আয়াত-[১৩৩]

يُرِيدُوْنَ اَنْ يُّطْفِؤُا نُوْرَاللّٰهِ بِاَفْوَافِهِمْ وَيَأبى اللّٰهُ الاَّ اَنْ يُّتِمَّ نُوْرَه
وَلَوْكَرِهَ الكفِرُوْنَ ٥

'তারা চায় আল-াহর জ্যোতি তাদের মুখের ফুৎকারে নির্বাপিত করতে ; এবং আল-াহ মানবেন না , কিন্ডু আপন জ্যোতির পূর্ণ উদ্ভাসনই, যদিও অপছন্দ করে কাফির "

১৩৩. আ'লা হযরত : কানযুল ঈমান (প্রাগুক্ত) সূরা তাওবা আয়াত নং ৩২ পৃ. ৩৫৪।

'নূর' সম্পর্কিত ৪র্থ আয়াত-[১৩৪]

يَاَيُّهَاالنَّبِىُّ اِنَّا اَرْسَلْنٰكَ شَاهِدًا وَّمُبَشِّرًا وَّنَذِيْرًا * وَدَاعِيًا اِلَى اللهِ بِاِذْنِه وَسِرَاجًامُّنِيْرًا * -

হে অদৃশ্যের সংবাদ দাতা (নবী)। নিশ্চয় আমি আপনাকে প্রেরণ করেছি 'উপস্থিত ' 'পর্যবেক্ষণকারী ' (হাযির-নাযির) করে, সুসংবাদ দাতা এবং সতর্ককারীরূপে। এবং আল-াহর প্রতি তাঁর নির্দেশে আহবানকারী আর আলোকোজ্জ্বলকারী সূর্যরূপে।

উক্ত আয়াতে سِرَاجًا (সিরাজান) এর অনুবাদ- সূর্য। এটা আল-কুরআনুল করীমেরই সাথে সামাঞ্জস্যময়। সূর্যকে 'সিরাজ' বলা হয়েছে। যেমন আল-াহ তা'আলার বাণী[১৩৫] وَجَعَلَ الشَّمْسَ سِرَاجًا এবং অপর আয়াত[১৩৬] وَجَعَلْنَا سِرَاجًا وَّهَّاجًا প্রকৃত পক্ষে , হাজার হাজার সূর্য অপেক্ষা ও অধিক আলো রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর নবুয়্যতের 'নূরই ' দান করেছে। আর তিনি সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম কুফর ও শির্কের গাঢ় অন্ধকারকে স্বীয় বাস্ড়বতা বিকিরণকারী 'নূর' দ্বারা দূরীভূত করে দিয়েছেন, সৃষ্টির জন্য আল-াহর পরিচিতি ও একত্ববাদ পর্যন্ড় পৌছার পথ সমূহ সমুজ্জ্বল ও সুস্পষ্ট করে দিয়েছেন। পথভ্রষ্টতার অন্ধকার উপত্যকায় পথহারা লোকদেরকে স্বীয় হিদায়তের আলো দ্বারা সঠিক পথে এনে দাঁড় করিয়েছেন এবং নবুয়্যতের জ্যোতি দ্বারা হৃদয় ও অন্ড়রচক্ষু এবং মন ও আত্মা গুলোকে আলোকিত করে দিয়েছেন। প্রকৃত পক্ষে , তাঁর বরকতময় অস্ড়িত্ব এমন এক বিশ্ব আলোকিতকারী সূর্য ,যা হাজার হাজার সূর্য তৈরী করেছে। এ কারণে , তাঁর গুণাবলীর মধ্যে مُنِيْرٌ (আলোকদানকারী)ও এরশাদ হয়েছে।[১৩৭]

---

[১৩৪]. আ'লা হযরত : কানযুল ঈমান (প্রাগুক্ত) সূরা আহযাব আয়াত নং ৪৫-৪৬ পৃ.৭৬৫।
[১৩৫]. আ'লা হযরত : কানযুল ঈমান (প্রাগুক্ত) সূরা নূহ : আয়াত নং ১৬ পৃ. ১০৩১।
[১৩২]. আ'লা হযরত : কানযুল ঈমান (প্রাগুক্ত) সূরা নাবা : আয়াত নং ১৩ পৃ. ১০৫৪।
[১৩৭]. সৈয়্যদ মুহাম্মদ নঈমউদ্দীন মুরাদাবাদী : খাযাইনুল ইরফান, পৃ. ৭৬৫।

ফখর-দ্দীন রাযী (রহ.) বলেন,সূরা আহযাবের শুর- থেকে শেষ পর্যন্ড় প্রভূর পক্ষ থেকে নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর ব্যাপারে আদাব শিষ্টাচার শিক্ষা দেয়া হয়েছে। উক্ত আয়াতে তাঁকে سِرَاجًا বলা হয়েছে। شَمْسٌ বলা হয়নি। আর প্রত্যেক সাহাবী (রা.) তাঁর থেকে হেদায়তের নূর গ্রহণ করেছেন। যদিও নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম তাঁদেরকে نُجُوْمٌ নক্ষত্র বলেছেন।[১৩৮]

ইব্ন জারীর ত্বাবারী (রঃ) বলেন ,[১৩৯]

(سِرَاجًا مُنِيْرًا) يَقُوْلُ : وضياء لخلقه يستضئ بالنور الذى اتيتهم به من عندالله عباده – (مُنِيْرًا) يقول : ضياء ينير لمن استضاء بضوئه , وعمل بما أمره – وانما يعنى بذالك , انه يهدى به من اتبعه من امته

(আলোকোজ্জ্বলকারী সূর্যরূপে) তিনি বলেছেন , এবং তাঁর সৃষ্টির জন্য আলো। আল-াহ তা'আলার নিকট থেকে তিনি তাদের তথা আল-াহর বান্দাদের জন্য যে নূর নিয়ে এসেছেন তা দ্বারা আলোকিত হতে চায়।

ক্বাদ্বী সানাউল-াহ পানি পাথি (রহ.) বলেন, 'সিরাজাম মুনীরা' গুণটি রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর ক্বলব মুবারকের দিক থেকে যেভাবে সূর্যের কিরণে সারা পৃথিবী আলোকিত হয়। অনুরূপ ভাবে তাঁর নূর মুবারকের মাধ্যমে সকল মূ'মিনের ক্বলব আলোকিত হয়। এ কারণেই সাহাবীদের (রা.) মর্যাদা-মাহাত্ম সমগ্র উম্মতের উপর সর্বাধিক যেহেতু সে নূরের সংস্পর্শ তাঁরা সরাসরিপেয়েছিলেন। সমগ্র উম্মত তাঁদের মাধ্যমে ঐ নূর মুবারকের জ্যোতি লাভ করেছিলেন।[১৪০]

---

[১৩৮]. ফখর-দ্দীন রাযী : আত-তাফসীর-ল কবীর (কায়র- : মাকতাবাতুত তাওফীকিয়্যাহ,) খ. ১৩, পৃ. ১৮৮-১৮৯।

[১৩৯]. ইব্ন জারীর ত্বাবারী : তাফসীর-ত্ব-ত্বাবারী (প্রাগুক্ত) সূরা আহযাব : আয়াত নং ৪৫-৪৬, খ. ৮ , পৃ. ২২৭২-২২৭৩।

[১৪০]. মাওলানা মুহাম্মদ জামাল : জামালাইন শরহি উর্দু জালালাইন (দেওবন্দ : কুতুব খানা ন'ঈমিয়া, ১ম সং , ১৪২৩ হি.) খ. খ. পৃ. ১৫৩-১৫৪।

ইসমা'ঈল হক্কী (রহ.) বলেন-[১৪১]

ان السراج الواحد يوقد منه الف سراج ولاينقص من نوره شئ وقد اتفق اهل الظاهر والشهور على ان الله تعالى خلق جميع الاشياء من نور محمد صلى الله عليه وسلم ولم ينقص من نوره شئ –

"নিশ্চয় একটি প্রদীপ থেকে হাজার হাজার প্রদীপ জ্বালালে ঐ প্রদীপের সামান্যতমও কমেনা। প্রত্যেক উম্মত এ বিষয়ে একমত যে , আল-াহ তা'আলা সব কিছুই মুহাম্মদ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম এর 'নূর মুবারক দ্বারা সৃষ্টি করেছেন। অথচ তাঁর নূর মুবারকের সামান্যতম কমেনি। হানাফী মাযহাবের উক্ত মুফাস্সির রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-ামকে কেন سراجا منيرا বলা হলো তার তাত্ত্বিক ও যুক্তিক বিশে-ষণ করেছেন। যেমন তিনি বলেন-[১৪২]

কয়েকটি কারণে আল-াহ তা'আলা নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-ামকে সূর্যের সাথে উপমা দিয়েছেন।

১। নিশ্চয় তিনি বিভ্রান্ড, পথভ্রষ্টের অন্ধকারে নিমজ্জিত ব্যক্তির জন্য দেদিপ্যমান আলোক বর্তিকা। তাঁর নূরের আলোতে সঠিক দিক নির্দেশনা ও হেদায়ত লাভ করা যায়। যেভাবে অন্ধকার রাত্রে প্রদীপ-আলোক বর্তিকা পথ দেখায়।

২। নিশ্চয় একটি আলোকোজ্জ্বল প্রদীপ থেকে হাজার হাজার প্রদীপ প্রজ্জ্বলিত করলেও ঐ মূল প্রদীপের আলো-নূর সামান্য পরিমাণ কমে না। সমস্ড় উম্মত একথার উপর একমত যে, নিশ্চয় আল-াহ তা'আলা সব কিছু মুহাম্মদ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর 'মহান নূর' থেকে সৃষ্টি করেছেন। অথচ তাঁর নূর থেকে সামান্য পরিমাণ কমেনি। বর্ণিত আছে যে, হযরত মূসা (আ.) বললেন "ওহে প্রভূ আমি আপনার খযিনা-ধন ভান্ডার সম্পর্কে অবগত হতে চাই। তখন আল-াহ তা'আলা বললেন, তোমার তাবুর সামনে আগুন প্রজ্জ্বলিত কর। এ রূপ করা হলে প্রত্যেক ব্যক্তি ঐ আগুন থেকে গ্রহণ করল।

---

[১৪১]. ইসমা'ঈল হক্কী : রূহুল বয়ান (বৈর"ত : দার"ল কুতুবিল 'ইলমিয়্যাহ ২য় সং, ২০০৯) খ.৭ পৃ. ১৯৮।

[১৪২]. ইসমা'ঈল হক্কী : রূহুল বয়ান, খ. ৭ পৃ. ১৯৭-১৯৮।

অত:পর বললেন, তোমার আগুন কি সামান্য পরিমাণ কমেছে ? মূসা (আ.) বললেন, ওহে রব,কমেনি, তিনি বললেন, এরূপ আমার খযিনা।

অনুরূপভাবে শরীয়াতের 'ইলম' ত্বরীক্বতের ফায়দা, মা'রিফাতের জ্যোতি সমূহ এবং হাকীকতের গুপ্তরহস্য তাঁর সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম এর উম্মতের যাঁরা 'উলামা তাঁদের মধ্যে প্রকাশিত হয়েছে। আর তাঁর অবস্থা পূর্ববত রয়েছে। সামান্যও কমতি হয়নি। আপনারা কি লক্ষ্য করেননি ? চন্দ্র সূর্য থেকে আলো লাভ করে। কিন্ড়ু সূর্যের আলো পূর্ববত রয়েছে। কাসীদায় বুরদার লেখক কতই না সুন্দর বলেছেন

فانه شمس فضل هم كواكبها + يظهرن أنوارها للناس فى الظلم

অর্থাৎ : নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম আল-াহ তা'আলার রহমতে সূর্য-যা পৃথিবীতে উদিত হয়েছেন। সমস্ড় নবী (আ.) চন্দ্র-যা তাঁর নূরের আলোতে উদ্ভাসিত। তাঁরা তাঁর অবর্তমানে এ পৃথিবীতে জ্ঞান-বিজ্ঞানের নূর প্রসারিত করেছেন। তিনি যখন সূর্যরূপে প্রকাশিত হলেন তখন তাঁদের সে 'নূর' ধর্ম মনসুখ বা নির্বাপিত হয়ে গেল।

৩। নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম সমগ্র বিশ্বের প্রত্যন্ড় অঞ্চলে নূর-আলো দিচ্ছেন যেরূপ সূর্য সমগ্র বিশ্বে আলো দিচ্ছে। অনুরূপভাবে তিনি সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম প্রত্যন্ড় অঞ্চলের অনুসারী ও ভক্ত-অনুরক্ত নিকট সূর্যরূপে আলো দিচ্ছেন। কিন্ড়ু যারা অন্ধ যেমন আবূ জাহল ও তার অনুসারীগণ ব্যতীত। যেহেতু তারা তাঁর নূর মুবারক থেকে আলোকিত হতে পারেনি এবং বাস্ড়বিক পক্ষে তাঁকে দেখেওনি। যেমন আল-াহ তা'আলার বাণী[১৪৩] : وَ تَرٰى هُمْ يَنْظُرُوْنَ اِلَيْكَ وَهُمْ لا يُبْصِرُوْنَ

অর্থ : এবং তুমি তাদেরকে দেখতে পাবে যে, তারা তোমার দিকে তাকিয়ে আছে এবং তারা কিছুই দেখে না।

৪। নিশ্চয় নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-ামকে নিম্নভূমি-পৃথিবী থেকে উর্ধবজগতে মি'রাজ করিয়েছেন। মাকাম-এ-কাবা কাওসাইন

[১৪৩]. আ'লা হযরত : কানযুল ঈমান (প্রাগুক্ত) সূরা আ'রাফ : আয়াত নং ১৯৮ পৃ.৩২৩।

ও মাকাম-এ উদ্‌নিয়্যত (নৈকট্যের স্ড়র) তথা মহান আল-াহকে স্বচক্ষে দেখার মহান সৌভাগ্য লাভ করেছেন। আল-াহ তা'আলার নূরে তাঁর 'কৃলব মুবারক দেদিপ্যমান হয়েছে কোন মাধ্যম ছাড়াই। অর্থাৎ কোন ফিরিস্ড়া কিংবা নবীর মাধ্যম ছাড়াই তিনি আল-াহ তা'আলার নূরে উদ্ভাসিত হয়েছেন। সেজন্য স্বয়ং নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম বলেছেন,

لِى مَعَ اللهِ وَقْتٌ لا يَسْعُنِى فِيْهِ مَلَكٌ مُقَرَّبٌ وَ لا نَبِىٌّ مُرْسَلٌ

আমার সাথে আল-াহ তা'আলার এমন এক মূহুর্ত অতিবাহিত হয়েছে যাতে কোন নৈকট্য প্রাপ্ত ফিরিস্ড়া কিংবা নবী রাসূল আমাকে অতিক্রম করে যেতে পারেননি।

অর্থাৎ- নিবিড় একান্ড় আলাপচারিতায় ব্যস্ড়ছিলাম যখন কোন সৃষ্টি সেখানে থাকার অবকাশ ছিলনা। আর এটাকেই মাকামুল ওয়াহ্‌দাত বলা হয়। এ স্ড়রে কেউ উপনীত হতে পারেন না যতক্ষন না তিনি আমার মধ্যে নিজেকে বিলিন করে দেবেন। অর্থাৎ ফানাফির রাসূল হতে হবে। আল-াহ তা'আলাই একমাত্র বাক্বা (অবিনশ্বর)। রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম আল-াহ তা'আলার মাঝে বিলিন হয়ে মাকামে বাক্বাতে উপনীত হয়েছেন। আর এ র"তবা- মর্যাদা এক মাত্র আমাদের নবীর জন্য নির্দিষ্ট। প্রত্যেক নবীই নফসী-নফসী করবেন কিন্ড়ু আমাদের নবী উম্মতী উম্মতী বলতে থাকবেন। মি'রাজ কালীন, নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম প্রত্যেক আসমানে একেকজন নবীর সাক্ষাৎ পেয়েছেন। তিনি যখন সপ্ত আসমানে উপনীত হলেন সেখানে হযরত ইবরাহীম (আ.) কে কুল বৃক্ষে হেলানরত পেলেন। হযরত জিবরাইল (আ.) ও এখানে ক্ষ্যান্ড় হলেন। সেখান হতে 'রফরফ' নামক বাহনে করে মাকামে ক্বাবা কাওসাইন ও মাকামে উদনিয়্যতে উপনীত হলেন। অত:পর আল-াহ তা'আলা তাঁকে জ্যোতির্ময় করলেন অত:পর সৃষ্টির প্রতি প্রেরণ করলেন। আর এ নূর"ল-াহ (আল-াহর নূর) কে তারা (কাফির গণ) তাদের মুখ দিয়ে নিভিয়ে দিতে চায়। কিন্ড়ু আল-াহ স্বীয় নূরকে পরিপূর্ণ কারী, যদিও কাফিরগণ অপছন্দ করে। রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি

ওয়াসাল-াম-এর প্রকৃতরূপ রহস্য মানবীয় আকৃতির দেহের আবরণে ঢাকা পড়ে আছে।

এ ছাড়াও আল-কুরআনুল করীমের সূরা সাফ্ফ এর ৮ নং আয়াত يريدون ليطفوا نوراللہ এ বর্ণিত " نوراللہ " (আল-াহর নূর) দ্বারা নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-ামকে বুঝানো হয়েছে।[১৪৪]

যেহেতু নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম বুরহান-হুজ্জাতুল-াহ-[১৪৫] আল-াহ তা'আলার একত্ববাদের দলীল, সমস্ড় দোষ ত্রুটি মুক্ত সে মহান সত্ত্বার প্রমানিক উপস্থাপক, প্রচারক হচ্ছেন আমাদের রাসূল সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম। অথবা আল-কুরআনুল করীম। যেহেতু কাফিরগণ এটাকে মিথ্যা প্রতিপন্ন করেছে।[১৪৬] প্রত্যেক নবী-রাসূল(স.) কে আল-াহ তা'আলার স্বপক্ষে বিভিন্ন ধরনের প্রমাণ-বুরহান দিয়েছেন। যেমন মুসা (আ.) কে লাঠি মুবারক। কিন্ড়ু আমাদের নবী আল-াহর পক্ষে স্বয়ং 'বুরহান'।

ইসমা'ঈল হক্কী (রহ.) চমৎকার বলেছেন,

وكان نفس النبى صلى عليه السلام برهانا بالكلية

মুস্তাফা সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর সত্ত্বা তথা পা মুবারক থেকে মাথা মুবারক পর্যন্ড় সবই আল-াহ তা'আলার প্রমাণ। যেমন তাঁর চোখ মুবারকে আল-াহর প্রমাণ।

لاتستبقونى بالركوع والسجود فإنى أراكم من خلفى كما أراكم من أمامى

রূকু, সিজদায় তোমরা আমার অগ্রবর্তী বা আগবাড়িও না। নিশ্চয় আমি তোমাদেরকে আমার পিছন দিক থেকে ও দেখি যেরূপ আমি তোমাদেরকে আমার সামনের দিক থেকে দেখি।

তাঁর সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর দৃষ্টি মুবারকে আল-াহর নিদর্শন :

ما زاغ البصر وماطغى

---

[১৪৪]. আ'লা হযরত : কানযুল ঈমান (প্রাগুক্ত) পৃ. ৫৫।

[১৪৫]. ইসমা'ঈল হক্কী : রূহুল বয়ান (প্রাগুক্ত) খ. ২, পৃ.৩৩৯ সৈয়দ মাহমূদ আলূসী : রূহুল মা'আনী (প্রাগুক্ত) খ. ৬ , পৃ. ১১৬-১১৭।

[১৪৬]. ইসমা'ঈল হক্কী : রূহুল বয়ান (প্রাগুক্ত) খ. ৩ , পৃ. ৪৩৬-৪৩৭।

'চক্ষু না কোন দিকে ফিরেছে, না সীমাতিক্রম করেছে।'

তাঁর সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর নাম মুবারকে আল-াহর প্রমাণ :

إنّی لأجد نفسی الرّحمان من قبل اليمن

'ইয়ামানের দিক থেকে নিশ্চয় আমি রহমানের সত্ত্বার, সুঘ্রাণ পাচ্ছি'

তাঁর সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর যুবান মুবারকে আল-াহর প্রমাণ :

وماینطق عن الهوی * ان هو الاّ وحیٌ یوحی

'এবং তিনি কোন নিজ প্রবৃত্তি থেকে বলেন না। তাতো নয়, কিন্ডু ওহীই, যা তাঁর প্রতি (নাযিল) করা হয়।'

তাঁর সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর থুথু মুবারকে আল-াহর প্রমাণ :

قال جابر رضی الله تعالی عنه , أنه أمر یوم الخندق لاتخبزن عجینکم ولاتنزلن برمتکم حتی أجئ فجاء فبصق فی العجین وبارك ثم بصق فی البرمة وبارك فأقسم بالله انهم لأکلوا وهم الف حتی ترکوه وانصرفوا وأن برمتنا لتغصا ای : تعلی وأن عجبتا لیخبر کماهو

হযরত জাবির (রা.) বলেন, নিশ্চয় রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম খায়বারের যুদ্ধের দিন আদেশ ফরমালেন, "আমি না আসা পর্যন্ড় খামিরা র"টি বানাবে না , ডেকসি উনুন থেকে নামাবে না " অত:পর নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম তশরীফ আনলেন এবং খামির মধ্যে থুথু মুবারক দিলেন, ফলে বরকত মন্ডিত হয়ে গেল , ডেকসিতে থুথু মুবারক দিলেন তাতেও বরকত মন্ডিত হয়ে গেল। আল-াহর শপথ নিশ্চয় নিশ্চয় এক হাজার সাহাবী যোদ্ধা তাবর"ক গ্রহণ করে ফিরে গেলেন। এর পরেও দেখা গেল ডেকসি উপচে পড়ছে , র"টি আগের পরিমাণে অবশিষ্ট থাকল। আমরা দেখে অবাক হয়ে গেলাম।

তাঁর সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর লালা মুবারকে আল-াহর প্রমাণ

انه ثغل فی عین علی کرم الله وجهه وهی ثرمد فبرئ باذن الله یوم خیبر

‘খায়বর যুদ্ধে নিশ্চয় তিনি সাল-াল-াহু ‘আলাইহি ওয়াসাল-াম হযরত আলী (রা.)-এর যখমকৃত চক্ষু মুবারকে স্বীয় বরকতময় লালা লাগিয়ে দিলেন ফলত: তাঁর চক্ষু আল-াহর হুকুমে সুস্থ্য হয়ে গেল।’

তাঁর সাল-াল-াহু ‘আলাইহি ওয়াসাল-াম-এর হাত মুবারকে আল-াহর প্রমাণ

ومارميت اذ رميت ولكنّ اللهَ رمى / وانه سبح الحصى فى يده

এবং আপনি যখন নিক্ষেপ করছিলেন তখন কিন্ডু আপনি নিক্ষেপ করেননি। নিশ্চয় আল-াহ তা‘আলাই নিক্ষেপ করেছেন। নিশ্চয় তাঁর হাত মুবারকে পাথর তাসবীহ পাঠ করেছে।

তাঁর সাল-াল-াহু ‘আলাইহি ওয়াসাল-াম-এর আঙ্গুল মুবারকে আল-াহর প্রমাণ

أنه أشاربأصبعه الى القمر فانشق فلقيشن حتى رؤى حراء بينهما

নিশ্চয় তিনি তাঁর আঙ্গুল মুবারক চন্দ্রের দিকে ইঙ্গিত করলেন, ফলে চন্দ্র টুকরো হয়ে গেল, দু‘অংশ দু‘দিকে নিক্ষিপ্ত হলো এবং উভয়ের মাঝে হেরা গুহা দৃষ্টিগোচর হলো।

তাঁর সাল-াল-াহু ‘আলাইহি ওয়াসাল-াম-এর দু‘আঙ্গুল মুবারকের মধ্যখানে আল-াহর প্রমাণ-

انه كان الماء ينبع من بين أصابعه حتى شرب منه ورفعه خلق عظيم

নিশ্চয় তাঁর দু‘আঙ্গুল মুবারকের মধ্যখান হতে পানির ঝর্ণাধারা প্রবাহিত হতো একটি বড় দল তা পান করেছেন।

তাঁর সাল-াল-াহু ‘আলাইহি ওয়াসাল-াম-এর বক্ষ মুবারকে আল-াহর প্রমাণ :

انه كان يصلى ولصدره أزيز كأزيز المرجل من البكاء

‘নিশ্চয় তিনি সালাত আদায় করতেন এবং তাঁর ক্রন্দনের আওয়াজে বক্ষ মুবারকে এমন আওয়াজ হতো, যেন ডেকচির আওয়াজ।’

তাঁর সাল-াল-াহু ‘আলাইহি ওয়াসাল-াম-এর ক্বলব মুবারকে আল-াহর প্রমাণ:

أنه تنام عيناه ولاينام قلبه

‘নিশ্চয় তাঁর দু‘চোখ মুবারক ঘুমায় কিন্ডু ক্বলব মুবারক ঘুমায় না।’

এ ছাড়াও তাঁর দেহে আল-াহ তা'আলার অগণিত অসংখ্য প্রমাণ প্রকাশিত হয়েছে।[১৪৭] অতএব, আল-াহ তা'আলার মহান ঐশী গ্রন্থ আল-কুরআনুল করীমের আয়াত সমূহ এবং মুফাস্সির গণের নানা মুখী তথ্য নির্ভর তাফসীর থেকে একথা দিবালোকের ন্যায় সুস্পষ্ট যে, রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম নূরী মানব। যাঁর আলোয় সৃষ্টি জগত উদ্ভাসিত।

তিনি যে নূরের তৈরী নুরানী মানুষ সে বিষয়ে বিন্দু মাত্র সন্দেহের অবকাশ নেই। রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর একশ্বরবাদী পবিত্র বংশধারার সর্বশেষ আশ্রয়, পূত পবিত্র, মহিয়সি, পূন্যবতী হযরত আমিনা বিনতে ওহাব (রা.)-এর যুবান মুবারকে সে নূরের বর্ণনা শুনি।[১৪৮]

قالت: فجعلت أنظر الى النجوم تدلى حتى قلت : لتقعن على , فلما وضعت , خرج منها نور اضاءله البيت والدار حتى جعلت لا ارى النور -

'মহিয়সী হযরত আমিনা (রা.) বলেন, আমি নক্ষত্রের দিকে দৃষ্টিপাত করলাম মনে হচ্ছিল যে, এগুলো যেন আমার উপর পতিত হবে। অত:পর আমি যখন প্রসব করলাম এর থেকে একটি 'নূর' বের হলো। সে নূরের আলোতে ঘর বাড়ী উদ্ভাসিত হয়ে গেল এমনকি নূর ছাড়া কিছু দেখতে পাচ্ছিলাম না।

ইমাম সুয়ূত্বী (রহ.) বলেন[১৪৯], হাদীসটি ইমাম বায়হাক্বী (রহ.) ও ইমাম ত্বাবরানী (রহ.) ও ইব্ন আসাকির (রহ.)ও বর্ণনা করেছেন।

ইব্ন হিশাম (রহ.) অনুরূপ একটি হাদীস বর্ণনা করেছেন।[১৫০]

---

[১৪৭]. ইসমা'ঈল হক্কী : রূহুল বয়ান (প্রাগুক্ত) খ. ২, পৃ. ৩৩৯-৩৪০।

[১৪৮]. ইসমা'ঈল হক্কী : রূহুল বয়ান (প্রাগুক্ত) খ. ২ , পৃ. ৩৩৯-৩৪০।

[১৪৯]. জালালুদ্দীন সুয়ূত্বী : আল-খাসায়িসুল কুবরা (প্রাগুক্ত) খ. ১ , পৃ. ১১৩।

[১৫০]. হাফিয আবূ নু'আইম ইসপাহানী (রহ.) : দালাইলুন্ নবুওয়াত (ড. মুহাম্মদ রাওয়াস ও 'আবদুল বার 'আব্বাস কর্তৃক বিশে-ষণকৃত) (বৈর"ত : দার"ন নাফায়িস, ২য় সং , ১৪০৬ হি. / ১৯৮৬ খৃ.) খ. ১ , পৃ. ১৩৫ ; হাদীসটির সনদ : মহান হাফিযুল হাদীস আবূ নু'আইম ইসপাহানী (রহ.) বলেন, আমাদেরকে সুলায়মান ইব্ন আহমদ হাদীস বর্ণনা করেছেন। সুলায়মান বলেন, আমাদেরকে আহমদ ইব্ন আল-খিলাল, আল-মক্কী হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেন, আমাদেরকে মুহাম্মদ ইব্ন মানসূর হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেন,

أن امنه بنت وهب ام رسول الله صلى الله عليه و سلم, كانت تحدث : انها أتيت, حين حملت برسول الله صلى الله عليه و سلم, فقيل لها, انك قد حملت بسيد هذه الامة فاذًا واقع الى الارض فقولى أعيذه بالواحد, من شر كل حاسد, ثم سميه محمدًا-ورأت حين حملت به انه خرج منها نور رأت به صور بصرى من ارض الشام

রাসূলুল-াহ সাল-াল-াহু ‘আলাইহি ওয়াসাল-াম-এর আম্মাজান হযরত আমিনা বিনতে ওয়াহাব (রা.) বর্ণনা করেছেন-নিশ্চয় আমি যখন রাসূলুল-াহ সাল-াল-াহু ‘আলাইহি ওয়াসাল-ামকে গর্ভধারণ করলাম তখন বলা হলো: নিশ্চয় আপনি এ মানবজাতির সরদারকে গর্ভধারণ করেছেন। অত:পর যখন তিনি দুনিয়াতে তাশরীফ আনলেন তখন আমাকে বলা হলো আপনি বলুন, আমি তাঁর ব্যাপারে প্রত্যেক হিংসুকের অনিষ্টা থেকে এক (আল-াহ) এর আশ্রয় চাই ”। তাঁর নাম ‘মুহাম্মদ’ রাখা হলো। এবং তিনি যখন তাঁকে গর্ভধারণ করলেন তখন তিনি দেখলেন যে, তাঁর থেকে এমন একটি নূর বের হলো যা দ্বারা তিনি সিরিয়ার প্রসাদ গুলো দেখতে ফেলেন।

রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়াসাল-াম হতে এ ধরনের হাদীস বর্ণিত আছে,[১৫১]

আমাদেরকে ইয়া‘কুব ইব্ন মুহাম্মদ আয-যুহরী হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেন, আমাকে ‘আবদুল ‘আযীয ইব্ন ‘উমর ইব্ন ‘আবদুর রহমান ইব্ন ‘আউফ হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেন, আমাকে ‘আবদুল-াহ ইব্ন ‘উসমান ইব্ন আবূ সুলায়মান আবূ সুওয়াইদ আস-সাক্বাফী। তিনি ‘উসমান ইব্ন ‘আবূল ‘আস (রা.) থেকে হাদীস বর্ণনা করেছেন। ‘উসমান ইব্ন আবূল ‘আস (রা.) বলেন, আমার মা রাসূলুল-াহ সাল-াল-াহু ‘আলাইহি ওয়াসাল-াম-এর জন্ম গ্রহণের সময় সৈয়্যদাতুনা আমিনা বিনতে ওহাব (রা.)-এর পাশে ছিলেন, তিনি আমাকে হাদীস বর্ণনা করেছেন।

১৫১. ইব্ন হিশাম : আস-সিরাতুন নববীয়্যাহ (বৈরূত : দার ইয়াহইয়ায়িত তুরাসিল ‘আরবী, ৩য় সং, ১৪২১ হি. খ. ১, পৃ. ১৯৪-১৯৫; ইমাম আহমদ ইব্ন হাম্বল (র.) : আল-মুসনাদ খ. ৫, পৃ. ২৬২; মোল-া ‘আলী ক্বারী : মিরকাতুল মাফাতীহ, খ. ১০, পৃ. ২৯; ড. ‘আলী মুহাম্মদ সাল-াবী : আস-সিরাতুন

عن العرباض بن السارية رضى الله تعالى عنه, عن رسول الله صلى الله عليه وسلم, أنى عند الله مكتوب خاتم النبين, وان ادم لمنجدل فى طينه سأخبركم باول أمرى, دعوة ابراهيم, بشارة عيسى و رؤيا امّى التى رأت حين وضعتنى و قد خرج لها نورًا اضاء لها منه قصور الشام

'হযরত 'ইরবাদ্ব ইব্ন সারিয়া (রা.) হতে বর্ণিত , তিনি রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম থেকে বর্ণনা করেছেন, 'নিশ্চয় আমি আল-াহ তা'আলার নিকট নবীগণের (আ.) পরিসমাপ্তিকারী হিসেবে লিপিবদ্ধ এবং তখন হযরত আদম (আ.) মাটির সাথে মিশ্রিত ছিলেন। আমি শীঘ্রই তোমাদেরকে আমার প্রাথমিক অবস্থা সম্পর্কে সংবাদ দেবো। আর তা হচ্ছে হযরত ইবরাহীম (আ.) এর দু'আ (প্রার্থনা) হযরত 'ঈসা (আ.)-এর সুসংবাদ এবং আমার মহিয়সী আম্মাজানের অবলোকন যা তিনি আমাকে প্রসবকালীন দেখেছেন, এবং এমন একটি নূর বের হলো যা দ্বারা সিরিয়ার প্রসাদ সমূহ আলোকিত হয়ে গেল।

নববীয়্যাহ, (কায়র : দার ল ফজর লিত-তুরাস, ১ম সং, ১৪২৪ হি./২০০৩ খৃ.) খ. ১, পৃ. ৫৯।

দ্বিতীয় অধ্যায়

সৃষ্টি সম্পর্কীয় আলোচনা :

আল-াহ তা'আলার সৃষ্টি সম্পর্কিত আল-কুরআনে বর্ণিত তথ্য উলে-খযোগ্য। আল-াহ তা'আলা স্বয়ং সব কিছুর স্রষ্টা। তিনি তাঁর ইচ্ছানুযায়ী সব কিছু সৃষ্টি করেছেন। যেমন তিনি বলেছেন।[১]

(১) اَللّٰهُ خَالِقُ كُلِّ شَىْءٍ ز وَّهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ وَّكِيْلٌ -

অর্থ : আল-াহ তা'আলা প্রত্যেক বস্তুর স্রষ্টা এবং তিনি সমস্ড় কিছুর শক্তিসম্পন্ন।

(২) اَلَّذِىْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا فِىْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ -

অর্থ : তিনি আসমান ও যমীন এবং যা কিছু সে গুলোর মধ্যখানে রয়েছে ছয় দিনে সৃষ্টি করেছেন, অতপর আরশের উপর 'ইস্ড়িওয়া' করেছেন (সমাসীন হন - যেভাবে তাঁর জন্য শোভা পায়)[২]

আয়াত করীমা দু'টি গভীরভাবে পর্যালোচনা করলে বুঝা যাবে, সব কিছুর স্রষ্টা একমাত্র আল-াহ তা'আলা এবং তিনি ছয় দিবসে নভোমন্ডল ও ভূমন্ডল এবং এতদ উভয়ের মধ্যস্থিত যা কিছু আছে সব কিছু সৃষ্টি করেছেন। এ বিষয়ে অসংখ্য তথ্য ও তত্ত্ব আল-াহর প্রিয় হাবীব সাল-াল-াহ 'আলাইহি ওয়াসাল-াম স্বয়ং বিশ্ববাসীর সামনে উপস্থাপন করেছেন। যেমন তিনি বলেছেন,[৩]

عن ابى هريرة رضى الله تعالى عنه ، أخذ رسول الله صلى الله عليه وسلم بيدى فقال ، خلق الله ، عز و جل ، التربة يوم السبت ، و خلق فيها الجبال يوم الاحد ، و خلق الشجر يوم الاثنين ، و خلق المكروه يوم الثلاثاء ، و خلق النور يوم الاربعاء ، و بث فيها الدوابّ يوم الخميس ، و خلق ادم عليه السلام

---

১. আ'লা হযরত : কানযুল ঈমান (প্রাগুক্ত) সূরা যুমার, আয়াত নং ৬২ পৃ. ৮৩৭।

২. আ'লা হযরত : কানযুল ঈমান (প্রাগুক্ত) সূরা ফুরক্বান, আয়াত নং ৫৯, পৃ. ৬৬২।

৩. আল ইমাম মুসলিম (রহ.) : সহীহ মুসলিম, খ. ৪,পৃ. ২১৫০। হাদীস নং ২৭৮৯; ইমাম আহমদ : আল-মুসনাদ, খ. ২ পৃ.৩২৭; ইমাম নাসাঈ : আস-সনানুল কুবরা, হাদীস নং ১১০১০; আল-হাকিম: উলূমুল হাদীস, পৃ. ৩৩।

، بعد العصر من يوم الجمعة فى اخر الخلق ، فى اخر ساعة من ساعات الجمعة فيما بين العصر الى الليل ـ

অর্থ : সৈয়্যদুনা আবূ হুরায়রা (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলে করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম আমার হত ধরে বললেন, "আল-াহ তা'আলা শনিবার দিন মাটি সৃষ্টি করেছেন, আর রবিবার দিন এতে পাহাড় সৃষ্টি করেছেন, এবং সোমবার দিন গাছ-পালা সৃষ্টি করেছেন আর মঙ্গলবার মাকরূহ তথা আপদ-বিপদ সৃষ্টি করেছেন এবং বুধবার দিন তিনি নূর সৃষ্টি করেছেন এবং বৃহস্পতিবার পৃথিবীতে পশু-পাখি ছড়িয়ে দেন। আর জুমু'আর দিন আসরের পর আদম (আ.) কে সৃষ্টি করেছেন। জুমু'আর দিনের সময় সমূহের শেষ মূহুর্তে সর্বশেষ মাখলুক আসর থেকে রাত পর্যন্ড় সময়ের মধ্যবর্তী সময়ে সৃষ্টি করেছেন।

ইমাম বুখারী (রহ.) আত-তারীখুল কবীর গ্রন্থে বলেন, হাদীসটি আল-াহর রাসূল সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম থেকে আবূ হুরায়রা (রা.) শুনেননি বরং তিনি শ্রেষ্ঠ তাবি'য়ী হযরত কা'ব আল-আহবার (রা.) থেকে শুনে বর্ণনা করেছেন। এ অভিমতটি অধিক বিশুদ্ধ।[৪]

উপরোক্ত পর্যালোচনায় আল-কুরআনের সাথে হাদীসের গরমিল দেখা যায়। বিখ্যাত মুফাস্সির সৈয়্যদ মাহমূদ আলূসী (রহ.) উভয়ের সমাধানের লক্ষ্যে বলেন,[৫] আল-কুরআনে বর্ণিত اَيَّامٌ শব্দটি اوقات বা সময় অর্থে ব্যবহৃত হলে কোন বিরোধ থাকে না, অর্থাৎ আল-াহ তা'আলা ছয়টি সময়ে সমগ্র সৃষ্টি সৃজন করেছেন, আর দিন বলতে সূর্য উদয়-অস্ড় যাওয়াকে বুঝায়। ঐ সময় কিন্তু এ গুলো ছিল না। তবে যে সময়ের কথা আল-াহ তা'আলা এরশাদ করেছেন তখন কিন্ড়ু এক হাজার বৎসর সমান একদিন। তবে একথা সত্য যে, আল-াহ তা'আলাকে ছয়দিনের সাথে নির্দিষ্ট করা তাঁর শানের বিপরীত। অথচ তিনি যা ইচ্ছা, যখন ইচ্ছা তা করতে পারেন, এটা তাঁর জন্য একেবারে সহজ।

---

৪. ইমাম বুখারী (রহ.) : আত-তারীখুল কবীর, খ. ১, পৃ. ৪১৩-৪১৪।

৫. সৈয়্যদ মাহমূদ আলূসী : রূহুল মা'আনী, খ. ৭, পৃ. ১৩২-১৩৩; ড. মোহাম্মদ আবদুল হালিম: ইমাম মুসলিম (রহ.) : জীবন ও কর্ম, পৃ. ৩৯৫।

ইসলামী আক্বীদার মূল ভিত্তি হলো আল-াহ তা'আলাই সব কিছু সৃষ্টি করেছেন। এখন যে প্রশ্নটি সবার মনে উকি মারে তাহলো কোন বস্তুটি আল-াহ তা'আলা সর্ব প্রথম সৃষ্টি করেছের। এ বিষয়ে নানা অভিমত পরিলক্ষিত হয়। আয়াতে করীমা বিশে-ষণে দেখা যায়, আল-াহ তা'আলা নভোমন্ডল ও ভূমন্ডল এবং এর মধ্যস্থিত সবকিছু সৃষ্টি করেছেন ছয় দিনে। অতঃপর 'আরশ-এ সমাসীন হয়েছেন- যেভাবে তাঁর জন্য শোভা পায়। তখন তাঁর 'আরশ ছিল পানির উপর আল-াহর হাবীব সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-ামও আমাদেরকে এ তথ্য দিচ্ছেন- যেমনটি তিনি বলেছেন-[৬]

عن عمران بن حصين قال : دخلت على النبي صلى الله عليه و سلم ، و عقلت ناقتى بالباب فاتاه ناس من بنى تميم ، فقال : اقبلوا البشرى يا بنى تميم ، قالوا قد بشرتنا فاعطانا ـ مرّتين ـ ثم دخل عليه ناس من اليمن فقال : اقبلوا البشرى يااهل اليمن إذ لم يقبلها بنوتميم ، قالوا : قد قبلنا يا رسول الله ، قالوا ! جئناك نسألك عن هذا الامر ، كان الله و لم يكن شئ غيره ، و كان عرشه على الماء ، و كتب فى الذكر كل شئ و خلق السموت و الارض ـ

অর্থ : হযরত ইমরান ইবন হোসাইন (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, আমি নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর নিকট প্রবেশ করলাম আর দরজায় আমার উটের রশি বাধলাম। তাঁর নিকট তামামী গোত্রীয় লোক আগমন করলেন। অতঃপর তিনি এরশাদ করলেন, ওহে বণী তামামী সুসংবাদ গ্রহণ কর। তারা বলল, আমাদেরকে সুসংবাদ প্রদান কর্ন। দুই বার বললেন, তারপর ইয়ামানের কিছু লোক তাঁর নিকট প্রবেশ করল। অতঃপর তিনি এরশাদ করলেন, ওহে ইয়ামানবাসী, সুসংবাদ গ্রহণ কর। যতক্ষণ না বণী তামীম দন্ডায়মান হয়। তারা বলল আমাদের গ্রহণ কর্ন ইয়া রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম ! তারা বলল আমরা আপনার নিকট সৃষ্টি সংক্রান্ড় বিষয়ে জানতে এসেছি। যখন আল-াহ ছাড়া অপর কিছুই ছিল না এবং তখন 'আরশ পানির উপরই ছিল। তিনি যিকর এর মধ্যে প্রত্যেক কিছু লিপিবদ্ধ করেছেন। আর নভোমন্ডল ও ভূমন্ডল সৃষ্টি করেছেন।

---

[৬]. ইমাম বুখারী : আল-জামি' আস-সহীহ, باب فى بدء خلق হাদীস নং ৩১৯০।

তবে ইমাম নাসাঈ (রহ.) ثم خلق السموت و الارض এর স্থলে خلق السموت و الارض উলে-খ করেছেন।[৭] আর পৃথিবী সৃষ্টি করা হয়েছে دخان (দুখান) হতে।[৮] যেমন ইবন জরীর ত্বাবারী (রহ.) বলেন,[৯]

ان الله كان عرشه على الماء ، و لم يخلق شيئا مما خلق قبل الماء، فلما اراد ان يخلق الخلق أخرج من الماء دخانًا ، فارتفع فوق الماء ، فسمَّا عليه ، فسمَّاه ، سماءً ثم ايس الماء فجعله ارضًا واحدة ، ثم فثقها فجعل سبع اراضين فى يومين -

অর্থ : নিশ্চয়ই আল-াহ তা'আলার 'আরশ পানির উপর ছিল, পানির পূর্বে তিনি কোন বস্তুই সৃষ্টি করেননি। অতঃপর তিনি যখন সৃষ্টি জগত সৃজন করতে ইচ্ছা করলেন তখন তিনি পানি থেকে ধোঁয়া বের করলেন, পানির উপরে একে উত্তোলিত করলেন, ফলে একে 'সামা' বা আকাশ হিসেবে নাম করণ করলেন, তারপর পানি শুকিয়ে গেল ফলে একে পৃথিবী বানিয়ে ফেললেন, তারপর একে সাত স্ড়রে বিভক্ত করলেন দুই দিনে।

অপর বর্ণনা মতে 'কলম'ই সর্ব প্রথম সৃষ্টি। যা হযরত 'উবাদা ইবনুস সামিত (রা.)- বর্ণিত হদীস থেকে প্রমাণিত হয়।[১০]

عن عبادة بن الصامت رضى الله تعالى عنه ، قال : قال رسول الله صلى الله عليه و سلم ، ان اول ما خلق الله القلم ، ثم قال له اكتب ، فجرى فى تلك الساعة بما هو الكائن الى يوم القيامة -

---

৭. আস-সুনানুল কুবরা, হাদীস নং - ১১২৪০।

৮. ইবন কাসীর : আল-বিদাইয়াতু ওয়ান-নিহাইয়াতু, খ. ১, পৃ. ৩২।
দুখানের সংজ্ঞায় ইবন কাসীর বলেন,
الدخان ، هو بخار الماء الذى ارتفع حين اضطرب الماء العظيم الذى خلق عن ربدة الارض بالقدرة العظيمة البالغة - (لون الى الغبرة) দ্র. আল-বিদাইয়াতু, খ. ১, পৃ. ৩২।

৯. ইবন জারীর ত্বাবারী : সূরা বাকারার ২৯ নং আয়াতের তাফসীর দ্রষ্ঠব্য।

১০. ইমাম আহমদ : আল-মুসনাদ, খ. ৫, পৃ. ৩১৭; ইমাম আবূ দাউদ: আস-সুনান, হাদীস নং৪৭০০; ইমাম তিরমিযী : আল-জামি', হাদীস নং ২১৫৫; ফিল ক্বদর, হাদীস নং ৩৩১৯ ফিত তাফ্সীর।

অর্থ : হযরত 'উবাদা ইবনুস সামিত (রা.) হতে বর্ণিত, তিনি বলেছেন, রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম বলেন, নিশ্চয় আল-াহ তা'আলা সর্ব প্রথম 'ক্বলম' সৃষ্টি করেছেন। তারপর আল-াহ তা'আলা ক্বলমকে নির্দেশ দিলেন, 'তুমি লিখ'। তখন থেকে ক্বিয়ামত পর্যন্ড় যত কিছু হবে সব লিখতে আরম্ভ করলেন।

এ ক্বলমের মাধ্যমে আল-াহ তা'আলা প্রত্যেক সৃষ্টির 'তাকদীর' লিপিবদ্ধ করিয়েছেন আকাশ ও মাটি সৃষ্টি হওয়ার পঞ্চাশ হাজার বৎসর পূর্বে। তখন 'আরশ পানির উপরই ছিল।[১১]

ইবন জারীর ত্বাবারীর দৃষ্টিতে[১২] - خلق الله عز و جل الماء قبل العرش

আল-াহ তা'আলা 'আরশের পূর্বে পানি সৃষ্টি করেছিলেন।

অপর এক বর্ণনায় তিনি বলেন, আমাদের প্রভু ক্বলমের পরে কুরসী, কুরসীর পর 'আরশ, তারপর বাতাস এবং অন্ধকার তারপর পানি সৃষ্টি করেছেন। অতঃপর 'আরশকে পানির উপর রেখেছেন।[১৩]

ইবন ইসহাকের বর্ণনানুযায়ী আল-াহ তা'আলা نور ও ظلمة (আলো ও অন্ধকার) কে সর্ব প্রথম সৃষ্টি করেছেন।[১৪]

আবূ লক্বীত্ব ইবন 'আমির আল-উক্বায়লী (রা.)-এর বর্ণনামতে নভোমন্ডল ও ভূ-মন্ডল সৃষ্টির পূর্বে 'আমা (মেঘমালা) সৃষ্টি করেছেন।[১৫] যেমন -

عن ابى رزين لقيط بن عامر العقيلى ، انه قال : يا رسول الله صلى الله عليه و سلم اين كان ربنا قبل ان يخلق السموت و الارض ؟ قال : فى عماء ما فوقه هواء ، ثم قال عرشه على الماء (العماء : السحاب) -

অর্থ : আবূ রযীন লক্বীত্ব ইবন 'আমির আল-উক্বায়লী (রা.) থেকে বর্ণিত, তিনি বলেছেন, ওহে আল-াহর রাসূল ! সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম

---

[১১].ইমাম মুসলিম : সহীহ মুসলিম, হাদীস নং ২৬৫৩। ইবন কাসীর: আল-বিদাইয়াতু, খ.১,পৃ.১৪ باب فى القدر

[১২]. ইবন জারীর ত্বাবারী : তারীখে ত্বাবারী, খ. ১ম; পৃ. ৪৯।

[১৩]. ইবন জারীর ত্বাবারী : প্রাগুক্ত, খ. ১ম; পৃ. ৩৪।

[১৪]. ইবন জারীর ত্বাবারী : প্রাগুক্ত, খ. ১ম; পৃ. ৩৪।

[১৫]. ইমাম আহমদ : আল-মুসনাদ, খ. ৪র্থ; পৃ. ১১।

নভোমন্ডল ও ভূ-মন্ডল সৃষ্টির পূর্বে আমাদের প্রভু কোথায় ছিলেন ? আল-াহর হাবীব সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম উত্তর দিলেন, বাতাসের উপর মেঘমালায়। তারপর বললেন, 'আরশ পানির উপরই ছিল, (আর العماء শব্দের অর্থ মেঘমালা)

ইমাম 'আবদুর রাযযাক্ব (রহ.) থেকে বর্ণিত হাদীস দ্বারা প্রতিয়মান হয় যে, আল-াহ তা'আলা সর্বপ্রথম নবী করীম রউফুর রহীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম-এর নূর মুবারক সৃষ্টি করেছেন।[১৬] যেমন

روى عبد الرزاق بسنده عن جابر بن عبد الله رضى الله تعالى عنه قال : قلت يا رسول الله صلى الله عليه و سلم بأبى و انت و امى ، أخبرنى عن اول شئ خلقه الله تعالى قبل الاشياء ، قال صلى الله عليه و سلم ، يا جابر ان الله تعالى قد خلق قبل الاشياء نور نبيك من نوره الخ

অর্থ : ইমাম 'আবদুর রাযযাক্ব (রা.) হযরত জাবির ইবন 'আবদুল-াহ (রা.)-এর সনদে বর্ণনা করেছেন, হযরত জাবির ইবন 'আবদুল-াহ (রা.) বলেন, আমি বললাম, ওহে আল-াহর রাসূল সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম আপনার নিকট আমার মাতা-পিতা উৎসর্গিত হউক- সমস্ড় সৃষ্টির পূর্বে আল-াহ তা'আলা যা সর্বপ্রথম সৃষ্টি করেছেন সে সম্পর্কে আমাকে সংবাদ প্রদান করুন। রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম বলেন, ওহে জাবির সমস্ড় সৃষ্টির পূর্বে আল-াহ তা'আলা সর্বপ্রথম যে জিনিসটি সৃষ্টি করেছেন তা হলো 'তোমার নবীর নূর স্বীয় নূর থেকে।'

অপর বর্ণনামতে আল-াহ তা'আলা সর্ব প্রথম শাজরাতুল ইয়াক্বিন[১৭] তথা বিশ্বাসের বৃক্ষ সৃষ্টি করেছেন। যেমন-

عبد الرزاق عن معمر عن الزهرى عن السائب بن يزيد قال : ان الله تعالى : خلق شجرة و لها اربعة اغصان فسماها شجرة اليقين الخ

---

[১৬]. ড. ঈসা ইবন 'আবদুল-াহ আল-হিমাইরী : আল-মুসান্নাফ, খ. ১ম; পৃ. ৬৩-৬৬; কাসতুলানী : আল-মাওয়াহিবুল লাদুননিয়্যা, খ. ১ম, পৃ. ৪৮।

[১৭]. ড. ঈসা ইবন 'আবদুল-াহ আল-হিমাইরী : প্রাগুক্ত, খ. ১; পৃ. ৫১-৫২।

অর্থ : ইমাম 'আবদুর রায্যাক্ব হযরত মা'মার হতে তিনি ইমাম যুহরী হতে তিনি আস-সায়িব ইবন ইয়াযিদ হতে হাদীস বর্ণনা করেছেন। আস-সায়িব (রা.) বলেন, নিশ্চয় আল-াহ তা'আলা একটি বৃক্ষ সৃষ্টি করেছেন এবং এতে চারটি শাখা রয়েছে। অতঃপর এ বৃক্ষের নাম রাখলেন শাজরাতুল ইয়াক্বীন তথা বিশ্বাসের বৃক্ষ। তবে এ কথা সত্য যে, সৃষ্টির শুর" থেকে ক্বিয়ামত পর্যন্ড় যা কিছু হবে সে সম্পর্কে আল-াহর হাবীব সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম বিশ্ববাসীকে গুর"ত্বপূর্ণ তথ্য দিয়েছেন। সে তথ্য যাঁরা মুখস্থ রাখার রেখেছেন আর যাঁরা ভুলে যাবার ভুলে গেছেন।[১৮] যেমনটি ইমাম বুখারী (রহ.) বর্ণনা করেছেন,

قال الامام البخارى (رح) فى كتاب بدء الخلق : روى عن عيسى بن موسى غنجار ، عن رقبة ، عن قيس بن مسلم ، عن طارق بن شهاب قال : سمعت عمر بن الخطاب يقول : قام فينا رسول الله صلى الله عليه و سلم مقامًا ، فاخبرنا عن بدء الخلق ، حتى دخل اهل الجنة منازلهم ، و اهل النار منازلهم ، حفظ ذلك من حفظه ، و نسيه من نسيه

অর্থ : ইমাম বুখারী (রহ.) ত্বারিক্ব ইবন শিহাব (রা.)-এর সূত্রে বর্ণনা করেছেন, তিনি বলেন, আমি 'উমর ইবনুল খাত্তাব (রা.) কে বলতে শুনেছি যে, আমাদের মাঝে রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম দন্ডায়মান হলেন, তিনি আমাদেরকে সৃষ্টির প্রারম্ভ সম্পর্কে সংবাদ দিলেন এমনকি যাঁরা জান্নাতবাসী হবে তাঁরা তাঁদের স্থানে প্রবেশ করলেন এবং যারা জাহান্নামী তারা তাদের স্থানে প্রবেশ করলো। (এ ভাষণ) যাঁরা সংরক্ষণ করার করেছেন আর যাঁরা ভুলে যাবার ভুলে গেছেন।

অপর এক বর্ণনায় ইমাম আহমদ (রহ.) বলেছেন,[১৯]

---

[১৮]. ইমাম বুখারী : আল-জামি', হাদীস নং ৩১৯২; ইবন হাজর 'আসক্বালানী : ফতহুলবারী, খ.৬ষ্ঠ; পৃ.২০৭; ইমাম আহমদ : আল-মুসনাদ, খ. ৫; পৃ. ৩৮৫, ৩৮৯, ৪০১; ইমাম আবূ দাউদ : আস-সুনান 'فى الفتن، باب ذكر الفتن و دلائلها হাদীস নং ৪২৪০; ইমাম তিরমিযী : আল-জামি' কিতাবুল ফিতান, হাদীস নং,২১৯১।

[১৯]. ইমাম আহমদ : আল-মুসনাদ, খ. ৫; পৃ. ৩৪১; ইমাম মুসলিম : সহীহ মুসলিম, হাদীস নং ২৮৯২ (باب إخبار النبى صلى الله عليه و سلم فيما يكون الى قيام الساعة)

قال الامام احمد بن حنبل (رح) ، حدثنا ابوعاصم ، حدثنا عزرة بن ثابت ، حدثنا علباء بن احمر اليشكرى ،حدثنا ابو زيد الانصارى ، قال صلى بنا رسول الله صلى الله عليه و سلم صلاة الصبح ، ثم صعد المنبر ، فخطبنا حتى حضرت الظهر ، ثم نزل فصلى الظهر ، ثم صعد المنبر ، فخطبنا حتى حضرت العصر ، ثم نزل فصلى العصر ، ثم صعد المنبر ، فخطبنا حتى غابت الشمس فحدثنا بما كان ، و ماهو كائن ، فاعلمنا احفظنا –

অর্থ : ইমাম আহমদ ইবন হাম্বল (রহ.) হযরত আবূ যায়দ আল-আনসারী (রা.)-এর সূত্রে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল-াহ সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম আমাদেরকে সাথে নিয়ে ফজরের সালাত আদায় করলেন, তারপর মিম্বরে আরোহন করলেন, অতঃপর যুহর ওয়াক্ত পর্যন্ড় ভাষণ দিলেন, তারপর মিম্বর থেকে অবতরণ করলেন এবং যুহরের সালাত আদায় করলে, তারপর আবার মিম্বরে আরোহন করলেন, অতঃপর ভাষণ দিলেন এমনকি 'আসরের ওয়াক্ত হয়ে গেল, তারপর মিম্বর থেকে অবতরণ করলেন এবং 'আসরের সালাত আদায় করলেন। তারপর আবার মিম্বরে আরোহন করলেন অতঃপর ভাষণ দিলেন এমন কি সূর্য অস্ড়মিত হয়ে গেল। তিনি আমাদেরকে যা কিছু হয়েছে এবং যা কিছু হবে সব বিষয়ে বর্ণনা করেছেন। অতঃপর আমরা অবগত হলাম এবং আমরা সংরক্ষণ করলাম।

উপরোক্ত হাদীস দু'টি পর্যালোচনা করলে দেখা যায় যে, আল-াহর প্রিয় হাবীব সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-ামকে মহাপ্রভু যা কিছু হবে এবং যা কিছু হয়েছে সব কিছুর জ্ঞানদান করেছেন। সুবহানাল-াহ ! তিনিও রহমতের ফলগুধারা প্রবাহিত করে উম্মতদেরকে তা জানিয়ে দিয়েছেন।

এছাড়াও ইতিপূর্বে উলে-খিত হাদীস গুলো গভীর ভাবে বিশে-ষণ করলে বেশ কয়েকটি বস্তু প্রথম সৃষ্টি হিসেবে পরিগণিত হয়। যেমন

১. হযরত 'ইমরান ইবন হুসাইন (রা.)-এর বর্ণিত হাদীস 'আল-াহ ছাড়া যখন কোন বস্তু ছিলনা তখন তাঁর 'আরশ পানির উপরই ছিল।' বুঝা যাচ্ছে 'আরশের আগে পানির সৃষ্টি হয়েছে। ইবন জারীর ত্বাবারীর অভিমতও তাই।

২. হযরত 'উবাদা ইবনুস সামিত (রা.)-এর বর্ণনা মতে, আল-াহ তা'আলা সর্বপ্রথম ক্বলম সৃষ্টি করেছেন।

৩. হযরত আবূ রযীন লক্বীত্ব ইবন আমির আল-উক্বায়লী (রা.)-এর বর্ণনামতে নভোমন্ডল ও ভূ-মন্ডল সৃষ্টির পূর্বে মেঘমালা এবং তার উপর বাতাস ছিল। আর তখন আল-াহর 'আরশ' পানির উপরই ছিল।
৪. হযরত জাবির ইবন 'আবদুল-াহ (রা.)-এর বর্ণনা মতে কোন কিছু সৃষ্টি করার পূর্বে আল-াহ তা'আলা আপন নবীর নূর মুবারক সৃষ্টি করেছেন।
৫. হযরত আস-সায়িব ইবন ইযায়ীদ (রা.)-এর বর্ণনা মতে আল-াহ তা'আলা সর্বপ্রথম 'শাজরাতুল ইয়াক্বীন' সৃষ্টি করেছেন।
৬. হযরত মুহাম্মদ ইবন ইসহাক্ব (রা.)-এর বর্ণনা মতে আল-াহ তা'আলা সর্বপ্রথম নূর ও জুলমাত সৃষ্টি করেছেন।

গভীর জ্ঞানের অধিকারী, মনীষী, ইসলামী চিন্ড়াবিদ একথা স্বীকার করেন যে, এক সাথে উপরোক্ত বস্তু গুলো আওওয়ালিয়াত তথা 'প্রথম সৃষ্টির' মর্যাদা লাভ করতে পারে না। এখানে ক্রমমান রয়েছে। যা নিয়ে গবেষণা করা নিতান্ড়ই আবশ্যক। কারণ আল-াহ তা'আলার সৃষ্টির মধ্যে কোন ধরনের গরমিল নেই। সুতরাং এ মতবিরোধের সন্ড়োষজনক ও প্রকৃত তথ্য উদঘাটনের লক্ষ্যে নিম্নোক্ত হাদীস গুলোর প্রতি মনোনিবেশ করার আবশ্যক রয়েছে।

১. ইমাম তিরমিযী (রহ.) বর্ণনা করেন[২০]

---

[২০]. আল জামি' (বৈর"ত : দার"ল কুতুবিল 'ইলমিয়্যাহ, খ. ১ম; সং ১৪২১ হি./২০০০ খৃ.) খ. ৪র্থ; পৃ. ৪২২; এই জাতীয় আরো অনেক হাদীস রয়েছে যার ভাবার্থ এক। যেমন-
ইমাম আহমদ (রহ.) তাঁর মুসনাদ গ্রন্থে ইমাম বুখারী (রহ.) তাঁর আত-তারীখুল কবীর গ্রন্থে, ইমাম ত্বাবরানী (রহ.), ইমাম হাকিম (রহ.), ইমাম বায়হাক্বী (রহ.) ও আবূ ন'ুআইম (রহ.) হযরত মাসিরাতুল ফজর (রা.) হতে বর্ণনা করেছেন,

عن مسيرة الفجر قال قلت يا رسول الله صلى الله عليه وسلم متى كنت نبيًا
قال و ادم بين الروح و الجسد

অপর এক বর্ণনায় ইমাম আহমদ (রহ.), ইমাম হাকিম, ইমাম বায়হাক্বী (রহ.) হযরত আল-'ইরবাদ্ব ইবন সারিয়া (রা.) হতে বর্ণনা করেছেন,

عن العرباض بن سارية قال سمعت رسول الله صلى الله عليه وسلم يقول انى عند الله فى ام الكتاب لخاتم النبيين و ان ادم لمنجدل به طينه -

حدثنا ابو همام الوليد بن شجاع بن الوليد البغدادى ، حدثنا الوليد بن مسلم ، عن الاوزاعى ، عن يحيى بن ابى كثير ، عن ابى سلمة ، عن ابى هريرة رضى الله تعالى عنه ، قال : قالوا يا رسول الله صلى الله عليه و سلم متى وجبت لك النبوة ؟ قال : وادم بين الروح و الجسد

অর্থ : ইমাম তিরমিযী (রহ.) হযরত আবু হুরায়রা (রা.)-এর সূত্রে বর্ণনা করেন যে, হযরত আবু হুরায়রা (রা.) বলেছেন, সাহাবীগণ আরয করে বললেন, ওহে আল-াহর রাসূল! আপনার জন্য 'নবুয়াত' কবে সাব্যস্ড় হয়েছে ? তিনি সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম উত্তরে এরশাদ করেন, হযরত আদম (আ.)

ইমাম হাকিম, ইমাম বায়হাক্বী ও আবূ নু'আইম (রহ.) হযরত আবূ হুরায়রা (রা.) হতে বর্ণনা করেছেন,

عن ابى هريرة رضى الله تعالى عنه قيل للنبى صلى الله عليه وسلم متى وجبت لك النبوة قال بين خلق ادم و نفخ الروح فيه

ইমাম বায্যার, ইমাম ত্বাবরানী (আল-আওসাত্ব গ্রন্থে) এবং আবূ নু'আইম (রহ.) ইমাম শা'বীর সনদে হযরত ইবন আব্বাস (রা.) হতে বর্ণনা করেছেন,

عن ابن عباس رضى الله تعالى عنهما قال قيل يا رسول الله صلى الله عليه وسلم متى كنت نبيًا قال و ادم بين الروح و الجسد -

আবূ নু'আইম (রহ.) হযরত 'উমর (রা.)-এর সনদে বর্ণনা করেছেন, (হাদীসটি মুরসাল)

قال عمر رضى الله تعالى عنه ، متى جعلت نبيًا قال وادم منجدل فى الطين -

ইবন সা'দ (রহ.) হযরত ইবন আবূল জাদ'আ (রা.) হতে বর্ণনা করেছেন,

عن ابن ابى الجدعاء قال قلت يا رسول الله صلى الله عليه وسلم متى كنت نبيًا قال اذ ادم بين الروح والجسد

ইবন সা'দ (রহ.) হযরত মুত্বরিফ ইবন 'আবদুল-াহ ইবন আশ-শাখীর (রা.) হতে বর্ণনা করেছেন,

عن مطرف بن عبد الله بن الشخير ان رجلا سأل رسول الله صلى الله عليه وسلم متى كنت نبيًا قال بين الروح و الطين من ادم -

ইবন সা'দ (রহ.) হযরত 'আমির (রা.) হতে বর্ণনা করেছেন,

عن عامر قال قال رجل للنبى صلى الله عليه وسلم استنبئت قال و ادم بين الروح و الجسد حين اخذ منى الميثاق -

দ্র. জালালুদ্দীন সুয়ূত্বী : আল-খাসায়িসুল কুবরা, (বৈর"ত : দার"ল কিতাবিল 'আরবী,) খ. ১, পৃ.৩-৪ ।

যখন রূহ আর শরীর মধ্যে ছিলেন, অর্থাৎ তাঁর সৃষ্টির অনেক পূর্বে আমার নবুয়াত সাব্যস্ড় হয়েছিল।

২. আবূ আবদুল-াহ হাকিম নিশাপূরী (রহ.) বলেন,[২১]

قال الحاكم ، لما اقترف ادم الخطيئة ، قال يا رب اسألك بحق محمد لما غفرت لى ، فقال الله تعالى ، يا ادم كيف عرفت محمدًا ولم اخلقه ؟ قال : يا رب لما خلقتنى بيدك ، و نفخت فىّ من روحك ، و رفعت رأسى فرأيت على قوائم العرش مكتوبًا لا اله الا الله محمد رسول الله ، فعلمت انك لم نضف الى اسمك الا أحب الخلق اليك ، فقال الله : صدقت يا ادم انه لأحب الخلق الىّ ، ادعنى بحقه فقد غفرت لك ، ولولا محمد ما خلقتك

আবূ আবদুল-াহ হাকিম নিশাপুরী (রহ.) বলেন, হযরত আদম (আ.) যখন নিজের ভুল অনুধাবন করতে পারলেন, তখন ফরিয়াদ করে বললেন, ওহে আমার প্রতিপালক আমি তোমার নিকট হযরত মুহাম্মদ (সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম)-এর উসিলায় ক্ষমা প্রার্থনা করছি, অতঃপর আল-াহ তা'আলা বললেন, ওহে আদম ! তুমি কিভাবে পরিচয় লাভ করেছ আমার হাবীব মুহাম্মদ-এর, অথচ আমি এখনো তাঁকে মানবাকৃতিতে সৃষ্টি করিনি ? আদম (আ.) বললেন, ওহে রব ! তুমি যখন আমাকে স্বীয় কুদরতী হস্ড়ে সৃষ্টি করেছ, আমার ভিতরে নিজের রূহ ফুঁকে দিয়েছ, আমি মস্ড়ক উত্তোলন করেছি অতঃপর 'আরশ 'আযীমের স্ড়ম্ভে স্ড়ম্ভে لا اله الا الله محمد رسول الله (আল-াহ ব্যতীত 'ইবাদতের উপযুক্ত আর কোন ইলাহ নেই হযরত মুহাম্মদ (সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম) আল-াহর রাসূল।' কলেমাটি লিপিবদ্ধ অবস্থায় দেখতে পেয়েছি। অতঃপর আমি অবগত হলাম যে, নিশ্চয় তোমার সৃষ্টির মধ্যে সর্বাধীক প্রিয় নামই তোমার নামের সাথে সংযুক্ত করেছো। অতঃপর আল-াহ তা'আলা বললেন, ওহে আদম তুমি সত্যিই বলেছ, নিশ্চয় তিনি সৃষ্টির মধ্যে অত্যধিক প্রিয় আমার। তাঁর উসিলা নিয়ে তুমি দু'আ করেছ বলে আমি তোমাকে ক্ষমা করে দিয়েছি। আর জেনে রেখ 'মুহাম্মদ না হলে তোমাকে সৃষ্টিই করতাম না।'

---

[২১]. হাকিম নিশাপুরী : আল-মুসতাদারাক, খ. ২য়, পৃ. ৬০০।

প্রথম হাদীস যা ইমাম তিরমিযী (রহ.) বর্ণনা করেছেন সে সম্পর্কে ব্যাখ্যাকার 'আবদুস সালাম মুবারকপুরী (রহ.) তুহফাতুল আহওয়াযী জামি' তিরমিযীর ব্যাখ্যা গ্রন্থে বলেন,[২২] নবী করীম সাল-াল-াহু 'আলাইহি ওয়াসাল-াম এর উক্তি ادم بين الروح و الجسد এর মর্ম হলো আমি ঐ সময় নবী ছিলাম যখন হযরত আদম (আ.) মাটিতে মিশ্রিত ছিলেন, তাঁর আকৃতি ও রূহ কোনটাই সৃষ্টি হয়নি।
তিনি আরো বলেন, হাদীসটি ইবন সা'দ তাঁর 'ত্বাবক্বাত' গ্রন্থে হযরত ইবন আবূল জাদ'আ (রা.) হতে, আবূ নু'আইম ইস্পাহানী 'হুলিয়াতু' গ্রন্থে হযরত মাসীরাতুল ফখর (রা.) হতে, ইমাম ত্বাবরানী 'আল-কবীর' গ্রন্থে كنت نبيًا (আমি নবী ছিলাম) শব্দ দুটি সহ হযরত ইবন 'আব্বাস (রা.) হতে (অর্থাৎ كنت نبيًا ادم بين الروح و الجسد) বর্ণনা করেছেন।[২৩]
অনুরূপভাবে মোল-া 'আলী ক্বারী (রহ.) 'মিরকাত' গ্রন্থে ইমাম বুখারী 'আত্ তারীখুল কবীর' গ্রন্থেও বর্ণনা করেছেন, ইবন রযী' (রহ.) বলেন, ইমাম আহমদ (রহ.) হাদীসটি 'মুসনাদ' গ্রন্থে বর্ণনা করেছেন।
বিখ্যাত হাদীস বিশারদ আবূ 'আবদুল-াহ হাকিম নিশাপুরী (রহ.) হাদীসটিকে বিশুদ্ধ বলে অভিমত দিয়েছেন।
তদুপরি আবূ নু'আইম ইস্পাহানী (রহ.) 'দালাইলুন নবুয়্যাত' গ্রন্থে সমার্থবোধক অপর একটি হাদীস হযরত আবূ হুরায়রা (রা.) হতে বর্ণনা করেছেন।

كنت اول النبيين فى الخلق ، و اخرهم فى البعث -

